গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
ধানমন্ডি গভ. বয়েজ হাই স্কুল, ঢাকা-১২০৭
ইআইআইএন-১০৭৯৬০, ফোন: ০২-৫৮১৫৫৮৭১, ইমেইল: dhanmondi.boys@gmail.com

তারিখ: ১২.১২.২০২৫ খ্রি.

# ছাত্র ভর্তি নির্দেশিকা

২০২৬ শিক্ষাবর্ষে লটারীতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী প্রথম নির্বাচিত শিক্ষার্থীদের সাক্ষাৎকার, ভর্তি ফরম বিতরণ ও ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে।

শিক্ষার্থীদের বেতন ও অন্যান্য পাওনাদি বর্ণিত কক্ষে তারিখ ও সময় অনুযায়ী স্ব-স্ব শ্রেণি শিক্ষকের নিকট জমা দিতে হবে।

| শ্রেণি | শিফট/শাখা | অবস্থান ও কক্ষ নং | ভবন | নির্বাচিত ছাত্রদের সাক্ষাৎকার, ভর্তি ফরম বিতরণ এবং জমা দেয়ার তারিখ, সময় ও বার | টাকা জমা ও ভর্তির তারিখ, সময় ও বার |
|---|---|---|---|---|---|
| ১ম শ্রেণি | ফিডার শাখা | ২০০১ | ভবন-৩ | ১৭.১২.২০২৫ থেকে ২১.১২.২০২৫ তারিখ রোজ: বুধবার থেকে রবিবার (সকাল: ১০.০০টা থেকে ১২.০০টা) (প্রভাতি ও ফিডার শাখা) | ২১.১২.২০২৫ তারিখ রোজ: রবিবার (সকাল ১০.০০ টা থেকে ১২.০০ টা) (প্রভাতি ও ফিডার শাখা) |
| ২য় শ্রেণি | | ২০০২ | | | |
| ৩য় শ্রেণি | | ৩০০২ | | | |
| ৫ম শ্রেণি | | ১০০১ | | | |
| ১ম শ্রেণি ও ৩য় শ্রেণি | সরকারি (প্রভাতি) শাখা | মিলনায়তন | প্রধান ভবন | | |
| ৬ষ্ঠ শ্রেণি | প্রভাতি শাখা | ২১০ (২য় তলা) | | | |
| ৬ষ্ঠ শ্রেণি | দিবা শাখা | ২১১ (২য় তলা) | প্রধান ভবন | ১৭.১২.২০২৫ থেকে ২১.১২.২০২৫ তারিখ রোজ: বুধবার থেকে রবিবার (দুপুর: ১২.৩০টা থেকে ২.৩০টা) | ২১.১২.২০২৫ তারিখ রোজ: রবিবার (দুপুর: ১২.৩০টা থেকে ২.৩০টা) |
| ৯ম শ্রেণি | | | | | |

**ফরম গ্রহণের সময় নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণ করতে হবে:**

০১। ভর্তিচ্ছু শিক্ষার্থীকে অবশ্যই মাস্ক পরে স্বাস্থ্যবিধি মেনে স্ব-শরীরে হাজির হতে হবে।
০২। ভর্তি ফরম নেয়ার সময় শিক্ষার্থীর মূল প্রবেশপত্র/আবেদনের কপি ও জন্ম সনদের অনলাইন কপি (বাধ্যতামূলক), জন্ম সনদ মূল কপি ও একটি সত্যায়িত ফটোকপি আনতে হবে।
০৩। ভর্তি ফরম জমা দেওয়ার সময় শিক্ষার্থীর এক কপি পাসপোর্ট সাইজের ছবি, ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র , জন্ম সনদ ও পূর্ববর্তী বিদ্যালয়ের মূল ছাড়পত্র (প্রথম শ্রেণি ব্যতিত) জমা দিতে হবে।
০৪। ভর্তিচ্ছু শিক্ষার্থীর পিতা ও মাতার এসএসসি পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) আনতে হবে।
০৫। ভর্তিচ্ছু শিক্ষার্থীর পিতামাতার জাতীয় পরিচয় পত্রের মূল কপি ও এক কপি করে সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

<u>বিভিন্ন কোটায় নির্বাচিতদের জন্য উপরোক্ত নির্দেশনা ছাড়াও নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:</u>

০৬। ক্যাচমেন্ট এরিয়ার ক্ষেত্রে: বিদ্যুৎ বিলের রশিদ/সরকারি বাসার বসবাসকারীদের জন্য এলোটি প্রমাণপত্র ও ইউটিলিটি সার্ভিসের প্রমাণপত্র/ভাড়ার রশিদ/বাড়ীওয়ালার প্রত্যয়নপত্র/ ভাড়ার চুক্তিপত্রের মূল কপি ও সত্যায়িত ফটোকপিআনতে হবে।
০৭। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে: ক) মুক্তিযোদ্ধার মূল সনদ, খ) গেজেটের কপি গ) লাল মুক্তি বার্তা (ঘ) আবেদনকারী ছাত্রের জন্ম সনদ
ঙ) মুক্তিযোদ্ধার স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ মেয়র সিটি কর্পোরেশন/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র।
চ) আবেদনকারী যে মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এবং ক-চ পর্যন্ত কাগজের ১ সেট সত্যায়িত ফটোকপি অফিসে জমা দিতে হবে।
০৮। প্রতিবন্ধি কোটার ক্ষেত্রে: সমাজ সেবা অধিদপ্তরের মূল সনদপত্র ও সত্যায়িত ফটোকপি আনতে হবে।
** প্রথম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীর বয়স সর্বনিম্ন ১লা জানুয়ারি-২০২১ এবং সর্বোচ্চ ৩১শে ডিসেম্বর ২০১৮। সে অনুযায়ী/বিধি মোতাবেক অন্যান্য শ্রেণিতে শিক্ষার্থীর বয়স নির্ধারিত হবে।
** উল্লেখিত কাগজপত্র প্রদর্শনে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

বি:দ্র: ২১.১২.২০২৫ তারিখ পর্যন্ত ভর্তি সম্পন্ন হওয়ার পর শূণ্য আসনের বিপরীতে ১ম অপেক্ষমান তালিকা হতে প্রয়োজনে দ্বিতীয় নির্বাচিত তালিকা ২১.১২.২০২৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকায় ঘটিকায় প্রকাশ করা হবে।

১১/১২/২৫
(ফরিদা ইয়াছমিন)
প্রধান শিক্ষক
ধানমন্ডি গভ: বয়েজ হাই স্কুল, ঢাকা-১২০৭